গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৭ শাখা

নং-বাম/রপ্তানি-৭/১(৫)/২০০৯/২৮৯ তারিখ ঃ ০৫-০৯-২০১০ খ্রিঃ

পরিপত্র

বিষয় ঃ রপ্তানি সম্প্রসারণের লক্ষ্যে বিদেশে বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপন নীতিমালা।

রপ্তানি সম্প্রসারণে উদ্দেশ্যে বিদেশে বেসরকারী উদ্যোগে বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপনের/অনুমতি প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করা হবে।

০২. বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপন/ অনুমোদন প্রক্রিয়া ঃ

ক) বাংলাদেশের রপ্তানি সম্প্রসারণে সম্পূর্ণ বেসরকারী অর্থায়নে বিদেশে এ ধরণের ট্রেড সেন্টার স্থাপিত হবে। এর সাথে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;

খ) কোন প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদন বিবেচনা করে বা রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক এক্সপ্রেশন অব ইন্টারেস্ট (EOI) আহবানের মাধ্যমে কোন নির্দিষ্ট দেশের জন্য কোন একটি প্রতিষ্ঠানকে বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপনের অনুমতি প্রদানের জন্য বাছাই করা হবে;

গ) ট্রেড সেন্টারের জন্য আবেদীত প্রতিষ্ঠানকে নির্ধারিত প্রফর্মা/ছকে (সংযোজনী-ক) প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে এবং বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, রপ্তানী উন্নয়ন ব্যুরো এবং প্রাইভেট সেক্টরের একজন করে প্রতিনিধি সমন্বয়ে গঠিত একটি কমিটি উক্ত আবেদন/আবেদনসমূহ বাছাই করবে;

ঘ) অনুমতি প্রাপ্তির পর সংশ্লিষ্ট দেশের আইন-কানুন যথাযথ অনুসরণ করে নির্ধারিত সময়ের (নতুন ইমারত নির্মানের প্রয়োজন হলে ১ বৎসরের মধ্যে আর ভাড়াকৃত/পূর্ব নির্মিত ইমারতে হলে ৬ মাসের) মধ্যে বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপন করতে হবে;

ঙ) বাংলাদেশ ট্রেড সেন্টারে কেবলমাত্র বাংলাদেশে উৎপাদিত বৈধ পণ্য সামগ্রী প্রদর্শন করা যাবে। বিদেশী বা কোন প্রকার অবৈধ পণ্য প্রদর্শন করা যাবে না এবং পণ্য প্রদর্শন ও প্রচারে কোন প্রকার অশ্লিলতার আশ্রয় নেয়া যাবে না;

চ) বিদ্যমান রপ্তানি নীতি অনুসরণ করে বাংলাদেশ ট্রেড সেন্টারের জন্য বাংলাদেশী প্রকৃত রপ্তানিকারণগণের নিকট হতে বাংলাদেশী পণ্যের নমুনা সংগ্রহ করে প্রদর্শন করা যাবে;

ছ) বাংলাদেশ ট্রেড সেন্টারে বিক্রয়কৃত পণ্যের উপর নমুনা/পণ্য প্রেরণকারী প্রতিষ্ঠানের সথে ট্রেড সেন্টারের স্বত্ত্বাধিকারী সমঝোতার ভিত্তিতে সার্ভিস চার্জ গ্রহণ করতে পারবে এবং বৈধ পন্থায়/চ্যানেলে পণ্যের মালিককে বাকী অর্থ ফেরৎ প্রদান করতে হবে;

জ) বাংলাদেশ ট্রেড সেন্টারে প্রদর্শিত পণ্যের ভিত্তিতে বাংলাদেশী রপ্তানিকারক কোন রপ্তানি আদেশ পেলে উক্ত রপ্তানি আদেশের উপর অনধিক ১% কমিশন ট্রেড সেন্টারের স্বত্ত্বাধিকারী গ্রহণ করতে পারবে;

ঝ) স্থাপিত বাংলাদেশ ট্রেড সেন্টারের ভাড়াসহ পরিচালনার যাবতীয় খরচ এবং সংশ্লিষ্ট দেশের করাদি অনুমোদিত প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে বাধ্য থাকবে। এর জন্য বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ বা দায় সৃষ্টি হবে না;

চলমান পাতা/২

ঞ) বাংলাদেশ দূতাবাস/হাই কমিশন বাংলাদেশ ট্রেড সেন্টার পরিদর্শন অন্তে প্রয়োজনীয় সুপারিশ করতে পারবে এবং সুপারিশ প্রতিপালনে ট্রেড সেন্টার কর্তৃপক্ষ আন্তরিক হবেন;

ট) বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপনের স্থান উপযুক্ত বাণিজ্যিক এলাকায় হতে হবে।

ঠ) যে দেশে ট্রেড সেন্টার স্থাপন করা হবে সে দেশের সকল প্রচলিত আইনকানুন ও রীতি নীতি ট্রেড সেন্টার কর্তৃপক্ষ মেনে চলবেন;

ড) বাংলাদেশের এবং সংশ্লিষ্ট দেশের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কোন আচরণ ও প্রদর্শনী ট্রেড সেন্টারে করা যাবে না;

ন) বিদেশে একটি শহরে একের অধিক বাংলাদেশ ট্রেড সেন্টারের অনুমতি প্রদান করা হবে না; এবং

ত) সরকার যৌক্তিক কারণে সংশ্লিষ্টদের ৩০(ত্রিশ) দিনের কারণ দর্শানোর মাধ্যমে পূর্ব ইস্যুকৃত অনুমতিপত্র স্থগিত অথবা বাতিল করতে পারবে;

০৩. এ নীতিমালা ভঙ্গকারীর বিরুদ্ধে সরকার আইনানুগ সকল ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৩১/৫/২০১০

(এস, এম, মাসুদুর রহমান)
পরিচিতি নং-৫৪৬০
সিনিয়র সহকারী সচিব
ফোন ৭১৭১৬২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
২। মান্যবর রাষ্ট্রদূত/ হাই কমিশনার,..
৩। ভাইস-চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা।
৪। কনসাল জেনারেল, বাংলাদেশ কনসুলেট জেনারেল..
৫। মিনিষ্টার কমার্শিয়াল, বাংলাদেশ দূতাবাস..
৬। কমর্শিয়াল কাউন্সেলর, বাংলাদেশ দূতাবাস/ হাই কমিশন ....
৭। সভাপতি, এফবিসিসিআই, ঢাকা।
৮। সভাপতি............... ....চেম্বর অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি ....
৯। সভাপতি বিকেএমইএ/বিজিএমইএ/...

Annexure-A

Passport size Photograph of Applicant

Application Form of Bangladesh Trade Centre (BTC) in abroad by Private Sector

01. Name of the Operator :
02. Name of Organization :
03. Full Address :

Phone No :	Fax No.
E-mail :	Website :

04. Company Profile (Separate Sheet to be Attached)

05. Name of the Country and address of Proposed place for BTC:	

06. Recommendation/Feasibility Study Report about the Establishment of Proposed BTC: (Separate Sheet to be Attached)
07. Plan of BTC (Establishment/Operation/Marketing/Earning of revenue): (Separate Sheet to be Attached)
08. Items to be displayed/Activities to be Performed in BTC : (Separate Sheet to be Attached)
09. Experience about Operation of Trade Centre in Abroad :

10 (a) Persons to be Involved for Operation of BTC :

Full Name (As per Passport)	Designation	Date of Birth

10(b) Description of Passport (Photocapy must be enclosed)

Passport No.	Date of issue	Place of issue	Validity

10(c) Name of the country(s) previously visited by the nominated persons:

11. Company Profile of Counterpart Agency in Bangladesh : (Separate Sheet to be attached)
12. Brief Description about the Reporting System to Bangladesh :
13. Brief Description about the Repatriation of Revenue Earnings :

I/We declare that the above information is correct. In case of any incorrect information my application is liable to cancellation.

Signature of Applicant.